দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং– ৭৭/২০১৮ তারিখঃ ০৫/১১/২০১৮খ্রিঃ

**সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,**

চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে বিভিন্ন অপারেশনাল বিষয় নিয়ে ২৩/১০/২০১৮ইং তারিখ টার্মিনাল ম্যানেজার চবক এর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান
সচিব

---

## টার্মিনাল ম্যানেজার এর দপ্তর
## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে বিভিন্ন অপারেশনাল বিষয় নিয়ে ২৩/১০/২০১৮ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় টার্মিনাল ম্যানেজার চবক এর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখঃ ২৩/১০/২০১৮ইং।
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থানঃ টার্মিনাল ম্যানেজার, চবক এর দপ্তর কক্ষ।
উপস্থিতিঃ সংযুক্তি- 'ক' তালিকা মোতাবেক।

১। সভার শুরুতে টার্মিনাল ম্যানেজার, চবক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন এ ধরনের সভার মাধ্যমে বন্দর ব্যবহারকারীদের বিভিন্ন ধরণের সমস্যা সহজে সমাধান করা যায় এবং এতে করে বন্দরের সামগ্রিক অপারেশনাল কর্মকান্ডে গতিশীলতা আসে। পরবর্তীতে তিনি সভায় উপস্থিত সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের প্রতিনিধিগণকে তাদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরার জন্য অনুরোধ করেন।

২। সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের প্রতিনিধিগণ সভা আহ্বানের জন্য টার্মিনাল ম্যানেজার, চবক-কে ধন্যবাদ জানান। তারা বলেন, বন্দরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে এবং বন্দরের কার্যক্রমে গতিশীলতা আনায়নে এ ধরণের সভা গুরুত্বপূর্ণ। ওভারফ্লো ইয়ার্ড এর ডেলিভারী কার্যক্রম আংশিকভাবে শুরু করায় তারা বন্দর কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

৩। সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের প্রতিনিধিগণ কিছু সমস্যার কথা উল্লেখ করেন যা নিম্নে প্রদত্ত হল-
ক) এলসিএল পণ্য আনষ্টাফিং হওয়ার পরে বার্থ অপারেটরগণ মাঝে মাঝে ইচ্ছাকৃতভাবে টালিশীট পরিবর্তন করে। এতে করে একদিকে আমদানীকারকগণ যেমন বিল অব এন্ট্রি অনুযায়ী সঠিক পরিমান পণ্য ডেলিভারী নিতে পারেনা ঠিক তেমনি পণ্য ডেলিভারীর ক্ষেত্রেও জটিলতার সৃষ্টি হয়।
খ) এফসিএল কন্টেইনারের ক্ষেত্রে বিভিন্ন ইয়ার্ডে এসাইনমেন্ট অনুযায়ী সিটিএমএস এর মাধ্যমে প্রাপ্ত কন্টেইনারের লোকেশন মাঝে মাঝে খুঁজে পাওয়া যায় না। এতে করে সিএন্ডএফ এজেন্টদের কন্টেইনার ডেলিভারী কার্যক্রম বিলম্বিত হচ্ছে।
গ) এফসিএল ডেলিভারী (others) এর ক্ষেত্রে বুকিং অনুযায়ী শ্রমিক বুকিং পাওয়া যায় না। এতে করে সিএন্ডএফ এজেন্টদের কন্টেইনার ডেলিভারী কার্যক্রম দীর্ঘায়িত হচ্ছে।
ঘ) জিসিবি এলাকার ৬,৭,৮/বি এলাকার কথা উল্লেখ করে সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের একজন প্রতিনিধি বলেন, এ সকল ইয়ার্ডে কন্টেইনারগুলো জ্যামখামাল করে রাখায় কন্টেইনার খুঁজে বের করা বেশ দূরূহ হয়।
ঙ) ইদানিং কন্টেইনার কিপডাউন হওয়ার পর সংশ্লিষ্ট ইয়ার্ডের লোকেশনসহ সিএন্ডএফ এজেন্টদের কাছে মোবাইলে খুদে বার্তা যাচ্ছে না। এতে করে তারা যথাসময়ে ডেলিভারী কন্টেইনারের তথ্য জানতে পারছে না।

(ক্রমশঃ-২)

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০



চ) এনসিটি গেইট-২ ও জিসিবি এলাকার গেইট-৫ সার্বক্ষণিক খোলা রাখা হচ্ছে না। ফলে ডেলিভারী ইয়ার্ডের যানজট সৃষ্টির কারণে অপারেশনাল কার্যক্রমে বিঘ্নিত হচ্ছে। মালামালসহ ট্রাক/কাভার্ড ভ্যান জেটি থেকে বের হতে বিলম্ব হচ্ছে।
ছ) একই সিএন্ডএফ এর একই বিএল-এর এসাইনমেন্টভুক্ত কিছু কন্টেইনার এনসিটি/সিসিটি ইয়ার্ডে এবং অবশিষ্ট কন্টেইনার ওভারফ্লো ইয়ার্ডে পাঠানো হচ্ছে। এতে করে সিএন্ডএফ এজেন্টদের ডেলিভারী কার্যক্রমে জটিলতার সৃষ্টি হচ্ছে।
জ) ক্রেন ও এফএলটি বুকিং এর সময় বুকিং স্লিপে কোন ইক্যুইপমেন্টের নম্বর উল্লেখ থাকে না। ফলে সিএন্ডএফ এজেন্টগণ যথাসময়ে ইক্যুইপমেন্ট পাচ্ছে না এবং পণ্য ডেলিভারী নিতে দেরি হচ্ছে।

৪। টার্মিনাল ম্যানেজার, চবক সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধিগণের উল্লেখিত সমস্যা সমূহ সমাধান কল্পে তাদের সাথে আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেনঃ-
ক) এলসিএল কন্টেইনার আনস্টাফিং হওয়ার পর এসাইনমেন্ট অনুযায়ী ট্যালিশীট সাথে সাথে টার্মিনাল ম্যানেজারের দপ্তরে সংরক্ষণ করা হবে। এতে করে ট্যালিশীট পরিবর্তন করার কোন সুযোগ থাকবেনা।
খ) এলসিএল কন্টেইনার আনস্টাফিং হওয়ার পর মার্কা অনুযায়ী পণ্য খামাল দেওয়ার বিষয়টি সংশ্লিষ্ট বার্থ অপারেটরগণ নিশ্চিত করবেন। অন্যথায় সংশ্লিষ্ট বার্থ অপারেটরদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।
গ) লোকেশন অনুযায়ী সংশ্লিষ্ট ইয়ার্ডে এফসিএল কন্টেইনার খুঁজে পাওয়া না গেলে তা সিএন্ডএফ এজেন্টের প্রতিনিধি কর্তব্যরত টার্মিনাল অফিসারকে মোবাইল এর মাধ্যমে (নম্বর-০১৮৪০৮১৬৫৫৬) অবহিত করবে এবং কর্তব্যরত অফিসার তাৎক্ষণিক বিষয়টি সমাধান করবে এবং সিএন্ডএফ এজেন্টকে দ্রুততম সময়ের মধ্যে লোকেশন জানিয়ে দেবে।
ঘ) বার্থ অপারেটরগণ বুকিং অনুযায়ী শ্রমিক দেওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এ বিষয়ে কোন অনিয়ম পাওয়া গেলে সিএন্ডএফ এজেন্টের প্রতিনিধি কর্তব্যরত টার্মিনাল অফিসারকে মোবাইল এর মাধ্যমে (নম্বর-০১৮৪০৮১৬৫৫৬) অবহিত করবে এবং কর্তব্যরত অফিসার তাৎক্ষণিক বিষয়টি সমাধান করবে।
ঙ) এনসিটি গেইট-২ ও জিসিবি এলাকার গেইট-৫ সার্বক্ষণিক খোলা রাখার বিষয়ে ট্রাফিক বিভাগ ও নিরাপত্তা বিভাগ দ্বি-পাক্ষিক আলোচনার মাধ্যমে বিষয়টি সমাধান করবে। একই সময়ে সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন উক্ত বিষয়ে সমাধানের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে পত্রের মাধ্যমে জানাতে পারে।
চ) অনচেসিস খালি কন্টেইনার শিপমেন্ট এর জন্য চট্টগ্রাম বন্দরে প্রেরণের পূর্বে সিএন্ডএফ এজেন্ট অন ডিউটি অফিসারের সাথে যোগাযোগ করবে এবং অনডিউটি অফিসার বিষয়টি নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট বার্থ অপারেটরের সুপারভাইজর এর সাথে যোগাযোগ করার জন্য তার মোবাইল নম্বর সরবরাহ করবেন। কোন অবস্থাতেই নিশ্চিত না হয়ে সিএন্ডএফ এজেন্ট বন্দরের ভিতরে অথবা গেইটের বাহিরে অনচেসিস খালি কন্টেইনার এনে যানজটের সৃষ্টি করবে না।
ছ) ওভারফ্লো ইয়ার্ডে শ্রমিক বুকিং দেওয়ার জন্য ও বুকিং বাবদ টাকা নেওয়ার জন্য মেসার্স সাইফ পাওয়ার টেক লিঃ-কে একটি কন্টেইনার অফিস স্থাপন করে ব্যবস্থা নেওয়ার জন্য বলা হবে।
জ) ক্রেন ও এফএলটি বুকিং স্লিপে ক্রেন অথবা এফএলটি এর নম্বর উল্লেখ করা হবে।
ঝ) ওভারফ্লো ইয়ার্ডে একই সিএন্ডএফ এর একই লটের আংশিক কন্টেইনার যেন না যায় তা নিশ্চিত করা হবে।

পরিশেষে টার্মিনাল ম্যানেজার, চবক উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ